ঢাকা বোর্ড ২০১৬

হিসাববিজ্ঞান : দ্বিতীয় পত্র

বিষয় কোড: ২ ৫ ৪

সময় — ২ ঘণ্টা ১০ মিনিট

সৃজনশীল

পূর্ণমান — ৬০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও। ক বিভাগ থেকে দুইটি এবং খ বিভাগ থেকে যে কোনো চারটি প্রশ্ন নিয়ে মোট ছয়টি প্রশ্নের উত্তর দাও।]

ক বিভাগ

১. ▶ স্টার লিমিটেড-এর ২০১৫ সালের ৩১ ডিসেম্বর তারিখে প্রস্তুতকৃত রেওয়ামিল নিম্নরূপ—

স্টার লিমিটেড
রেওয়ামিল
৩১ ডিসেম্বর, ২০১৫

হিসাবের নাম	টাকা	হিসাবের নাম	টাকা
মজুদ পণ্য (০১-০১-১৫)	১৮,০০০	শেয়ার মূলধন (প্রতি শেয়ার ১০ টাকা করে ১০,০০০ শেয়ার)	১,০০,০০০
পণ্য ক্রয়	৬০,০০০		
আন্তঃফেরত	১০,০০০	শেয়ার অধিহার	১০,০০০
মজুরি	৬,০০০	পণ্য বিক্রয়	১,২০,০০০
বেতন	১২,০০০	প্রদেয় হিসাব	১২,০০০
বিজ্ঞাপন	১৪,০০০	সাধারণ সঞ্চিতি	১০,০০০
আয়কর	৪,০০০	বহিঃফেরত	৫,০০০
ব্যাংকে জমা	১২,০০০		
প্রাপ্য হিসাব	২০,০০০		
বিনিয়োগ	২০,০০০		
আসবাবপত্র	৫,০০০		
যন্ত্রপাতি	৫০,০০০		
ইজারা সম্পদ (১০ বছরের জন্য)	২০,০০০		
সুনাম	৬,০০০		
	২,৫৭,০০০		২,৫৭,০০০

সমন্বয়সমূহ : ১. সমাপনী মজুদ পণ্য ৩২,০০০ টাকায় মূল্যায়ন করা হয়েছে, যার বাজারমূল্য ৪০,০০০ টাকা। ২. বিনামূল্যে ২,০০০ টাকা মূল্যের পণ্য বিতরণ করা হয় যা হিসাব বইতে লেখা হয় নি। মোট বিজ্ঞাপন খরচ চারটি হিসাব বছরে অবলোপন করতে হবে। ৩. মজুরি বকেয়া রয়েছে ৪,০০০ টাকা। ৪. সুনামের সম্পূর্ণ অংশ শেয়ার অধিহার দ্বারা অবলোপন করতে হবে। ৫. যন্ত্রপাতির ওপর ৫% এবং আসবাবপত্রের ওপর ১০% অবচয় ধার্য করতে হবে।

ক. চলতি বছরে বিজ্ঞাপন বাবদ খরচের পরিমাণ নির্ণয় করো। ২

খ. কোম্পানির মোট মুনাফা ৬১,০০০ টাকা ধরে নিট মুনাফা নির্ণয় করো। ৪

গ. উপর্যুক্ত তথ্যের আলোকে ২০১৫ সালের ৩১ ডিসেম্বর তারিখে কোম্পানির মোট সম্পদের পরিমাণ নির্ণয় করো। ৪

২. ▶ মুন কোম্পানি লি.-এর বই হতে নিম্নবর্ণিত রেওয়ামিলটি নেয়া হয়েছে—

মুন কোম্পানি লিমিটেড
রেওয়ামিল
৩১ ডিসেম্বর, ২০১৫

হিসাবের নাম	টাকা	হিসাবের নাম	টাকা
সুনাম	১,২০,০০০	শেয়ার মূলধন	৩,০০,০০০
ভূমি ও দালান	১,৫০,০০০	(প্রতি শেয়ার ১০	
কলকব্জা	১,৬০,০০০	টাকা হিসাবে)	
প্রাপ্য হিসাব	৭৫,০০০	১০% ঋণপত্র	
ব্যাংক জমার উদ্বৃত্ত	৬০,০০০		
আয়কর	১০,০০০	(০১-০৪-১৫)	৬০,০০০
অন্তর্বর্তীকালীন লভ্যাংশ	৫,০০০	সঞ্চিতি তহবিল	৫০,০০০
আন্তঃফেরত	১০,০০০	সংরক্ষিত আয় (০১-০৪-১৫)	২০,০০০
ক্রয়	২,২৫,০০০	প্রদেয় হিসাব	৫০,০০০
প্রারম্ভিক মজুদ পণ্য	২৬,০০০	বিক্রয়	৩,৮৬,০০০
পরিচালন ব্যয়	২৫,০০০		
	৮,৬৬,০০০		৮,৬৬,০০০

সমন্বয়সমূহ: ১. সমাপনী মজুদ পণ্য ৭৫,০০০ টাকায় মূল্যায়ন করা হয়েছে। ২. অলিখিত বিক্রয় ৪,০০০ টাকা এবং মুনাফাবিহীন বিক্রয় ১৬,০০০ টাকা। ৩. নিট লাভের ১৪,৫০০ টাকা সঞ্চিতি তহবিলে স্থানান্তর করতে হবে। ৪. শেয়ার মূলধনের ১০% চূড়ান্ত লভ্যাংশ ঘোষণা করতে হবে। ৫. নিট মুনাফার ৫% শ্রমিকদের মুনাফা অংশীদারিত্ব তহবিলে স্থানান্তর করতে হবে।

ক. নিট বিক্রয়ের পরিমাণ নির্ণয় করো। ২

খ. ১,৭৪,৫০০ টাকা নিট মুনাফা ধরে সংরক্ষিত আয় বিবরণী প্রস্তুত করো। ৪

গ. আর্থিক অবস্থার বিবরণীর দায় ও মালিকানা স্বত্ব পার্শ্ব ছক আকারে প্রদর্শন করো। (গণনাসহ) ৪

খ বিভাগ

৩. ▶ ২০১৫ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য প্রস্তুত মোহনা ক্লাব-এর প্রাপ্তি ও প্রদান হিসাব নিম্নে প্রদত্ত হলো:

প্রাপ্তি ও প্রদান হিসাব

ডেবিট ক্রেডিট

প্রাপ্তিসমূহ	টাকা	প্রদানসমূহ	টাকা
উদ্বৃত্ত (০১-০১-১৫)	২০,০০০	বেতন	১০,০০০
চাঁদা:		ভাড়া	৮,৫০০
২০১৪ ২,০০০		আসবাবপত্র ক্রয়	২,০০০
২০১৫ ২৮,৫০০		মনিহারি	৬,৫০০
২০১৬ ১,৫০০	৩২,০০০	উদ্বৃত্ত (৩১-১২-১৫)	৪২,০০০
লকার ভাড়া	২,০০০		
অনুদান	১৫,০০০		
	৬৯,০০০		৬৯,০০০

২০১৫ সালের ১ জানুয়ারি তারিখে ক্লাবের অন্যান্য সম্পদ নিম্নরূপ ছিল:
খেলাধুলার সরঞ্জাম ৪০,০০০ টাকা, আসবাবপত্র ৪৮,০০০ টাকা।

অন্যান্য তথ্য : ১. ক্লাবের মোট সদস্য সংখ্যা ৩০০ জন। বার্ষিক চাঁদার হার জন প্রতি ১০০ টাকা। ২. লকার ভাড়া ২,০০০ টাকা এখনো বকেয়া রয়েছে। ৩. প্রাপ্ত অনুদানের $\frac{২}{৩}$ অংশ দিয়ে একটি দরিদ্র তহবিল এবং অবশিষ্ট অংশ মুনাফা জাতীয় আয় হিসাবে গণ্য করতে হবে। ৪. খেলাধুলার সরঞ্জাম এবং আসবাবপত্রের (সমাপনী জের) ওপর ১০% অবচয় ধার্য করতে হবে।

ক. প্রারম্ভিক মূলধন তহবিল নির্ণয় করো। ২

খ. ২০১৫ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য আয়-ব্যয় হিসাব প্রস্তুত করো। ৪

গ. উক্ত তারিখে আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত করো। ৪

৪.▶ হাবিব ও হাসিব ২০১৫ সালের ১ জানুয়ারি তারিখে একটি অংশীদারি কারবার আরম্ভ করে। তাদের কারবারের মোট মূলধন ছিল ৬,০০,০০০ টাকা, যার $\frac{২}{৩}$ ভাগ হাবিব এবং $\frac{১}{৩}$ ভাগ হাসিব সরবরাহ করে। কারবারের লাভ অংশীদারদের মূলধন অনুপাতে বণ্টিত হবে। মূলধন ছাড়াও হাবিব কারবারে ১,০০,০০০ টাকা ঋণস্বরূপ প্রদান করে। কারবারের সার্বক্ষণিক দায়িত্ব পালনের জন্য হাবিব এবং হাসিব প্রতি মাসে যথাক্রমে ৫,০০০ টাকা ও ৪,০০০ টাকা করে বেতন পাবে। হাবিব ও হাসিব কারবার হতে প্রত্যেক মাসের প্রথম তারিখে যথাক্রমে ৮,০০০ ও ৫,০০০ টাকা করে উত্তোলন করে। এছাড়াও হাসিব ১,২০০ টাকা পণ্য উত্তোলন করে যা হিসাবভুক্ত হয় নি। তবে পণ্য উত্তোলনের ওপর ৫% হারে সুদ ধার্য হবে। অংশীদারদের বেতন ডেবিট করার পর কিন্তু অন্যান্য সমন্বয়সাধন করার পূর্বে ২০১৫ সালের ৩১ ডিসেম্বর তারিখ সমাপ্ত বছরের জন্য মুনাফা ২,৩৮,১৭৫ টাকায় উপনীত হয়।

ক. অংশীদারদের উত্তোলনের সুদ নির্ণয় করো। ২

খ. লাভ-লোকসান বণ্টন হিসাব তৈরি করো। ৪

গ. অংশীদারদের মূলধন হিসাব তৈরি করো। ৪

৫.▶ নদী লি.-এর আর্থিক অবস্থার বিবরণী নিচে দেয়া হলো:

বিবরণ	২০১৫ (টাকা)	২০১৪ (টাকা)
সম্পদসমূহ		
নগদ	১৫,০০০	১০,০০০
অন্যান্য চলতি সম্পদ	৯০,০০০	৬৩,০০০
বিনিয়োগ (দীর্ঘমেয়াদি)	১০,০০০	৫৩,০০০
কলকব্জা	৩,৩৫,০০০	২,১৫,০০০
পুঞ্জীভূত অবচয় কলকব্জা	(২০,০০০)	(৪০,০০০)
মোট	৪,৩০,০০০	৩,০১,০০০
দায়সমূহ ও মালিকানা স্বত্ব		
চলতি দায়	৪৫,০০০	২৭,০০০
দীর্ঘমেয়াদি ঋণ	৭৫,০০০	
সাধারণ শেয়ার	২,৫৪,০০০	২,৫৪,০০০
সংরক্ষিত আয়	৫৬,০০০	২০,০০০
মোট	৪,৩০,০০০	৩,০১,০০০

অন্যান্য তথ্য : ১. ২০১৫ সালের নিট মুনাফা ৩৬,০০০ টাকা। ২. কলকব্জা বিক্রয় ৮,০০০ টাকা, যার ক্রয়মূল্য ও পুঞ্জীভূত অবচয় ছিল যথাক্রমে ৬০,০০০ টাকা ও ৪৮,০০০ টাকা। ৩. চলতি বছরের কলকব্জার অবচয় ২৮,০০০ টাকা। ৪. নগদে কলকব্জা ক্রয় ১,৮০,০০০ টাকা।

ক. কলকব্জা বিক্রয়জনিত লাভ/ক্ষতির পরিমাণ নির্ণয় করো। ২

খ. পরোক্ষ পদ্ধতিতে পরিচালন কার্যক্রম হতে নিট নগদ প্রবাহের পরিমাণ নির্ণয় করো। ৪

গ. একটি নগদ প্রবাহ বিবরণী প্রস্তুত করো। ৪

৬.▶ ২০১৫ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য স্কয়ার ইন্ডাস্ট্রিজের একটি দ্রব্যের নিম্নলিখিত ব্যয়ের তথ্য প্রদত্ত হলো—

হিসাবের নাম	টাকা
কাঁচামাল ক্রয়	৫০,০০০
উৎপাদন মজুরি	৬০,০০০
কারখানা উপরিব্যয় (উৎপাদন মজুরির ৬০%)	
মজুদ পণ্য (১ জানুয়ারি ২০১৫) :	
কাঁচামাল	২০,০০০
উৎপাদিত দ্রব্য ২,০০০ কেজি	৮,০০০
মজুদ পণ্য (৩১ ডিসেম্বর ২০১৫):	
কাঁচামাল	১০,০০০
উৎপাদিত দ্রব্য ৫,০০০ কেজি	?

হিসাবের নাম	টাকা
আংশিক উৎপাদিত দ্রব্য:	
১ জানুয়ারি, ২০১৫	৪,০০০
৩১ ডিসেম্বর ২০১৫	১০,০০০
অফিস ও প্রশাসনিক উপরিব্যয়	৭,৫০০
বিক্রয়	১,৮০,০০০

বিক্রয় খরচ কেজি প্রতি ০.৪০ টাকা। ২০১৫ সালে ২৮,০০০ কেজি দ্রব্য উৎপাদিত হয়।

ক. তৈরি পণ্যের সমাপনী মজুদের পরিমাণ নির্ণয় করো। ২

খ. উৎপাদিত দ্রব্যের ব্যয় বিবরণী প্রস্তুত করো। ৪

গ. একটি আয় বিবরণী প্রস্তুত করো। ৪

৭.▶ ওয়াই লি. একক পণ্য উৎপাদন ও বিক্রয় করে থাকে। কোম্পানির কোনো এক মাসের বিক্রয় ও ব্যয় সংক্রান্ত তথ্যাদি নিম্নরূপ:

বিবরণ	মোট টাকা
বিক্রয় (১৫,০০০ একক)	৪,৫০,০০০
বাদ: পরিবর্তনশীল ব্যয়	১,৮০,০০০
কন্ট্রিবিউশন মার্জিন	২,৭০,০০০
বাদ: স্থায়ী ব্যয়	২,১৬,০০০
নিট মুনাফা	৫৪,০০০

ক. একক প্রতি কন্ট্রিবিউশন মার্জিন নির্ণয় করো। ২

খ. কন্ট্রিবিউশন মার্জিন অনুপাত এবং প্রত্যাশিত মুনাফা ৮৪,০০০ টাকা অর্জন করতে হলে কত টাকা বিক্রয় করতে হবে তা নির্ণয় করো। ৪

গ. সমচ্ছেদ বিন্দু (টাকায়) এবং নিরাপত্তা প্রান্ত অনুপাত নির্ণয় করো। ৪

৮.▶ সুমি ও মিমি একই ধরনের ব্যবসায়ে নিয়োজিত। ২০১৫ সালের ৩১ ডিসেম্বর তারিখে তাদের আর্থিক বিবরণী নিম্নরূপ ছিল—

লাভ-লোকসান বিবরণী

বিবরণ	সুমি টাকা	মিমি টাকা
বিক্রয় (৭৫% নগদে)	৯,০০,০০০	৩,০০,০০০
বিক্রীত পণ্যের ব্যয়	৭,০০,০০০	২,২০,০০০
মোট লাভ	২,০০,০০০	৮০,০০০
খরচ	১,২০,০০০	৪০,০০০
নিট লাভ	৮০,০০০	৪০,০০০

২০১৫ সালে সুমি ও মিমি-এর ব্যবসায়ের গড় মজুদ পণ্যে ক্রয়মূল্য ছিল যথাক্রমে ৭০,০০০ টাকা ও ২০,০০০ টাকা।

ক. ধারে বিক্রয়ের পরিমাণ নির্ণয় করো। ২

খ. মোট মুনাফা অনুপাত ও নিট মুনাফা অনুপাত নির্ণয় করো। ৪

গ. মজুদ আবর্তন হার নির্ণয় করো এবং মন্তব্য করো কে অধিক লাভজনক ব্যবসায় করে? ৪

৯.▶ ২০১৫ সালের জানুয়ারি মাসের নিম্নের তথ্যগুলো জনতা ট্রেডার্সের হিসাব বই হতে সংগ্রহ করা হয়েছে—

২০১৫

জানু.	১	প্রারম্ভিক উদ্বৃত্ত ৬০০ কেজি ১০ টাকা দরে
"	৫	ক্রয় ৫০০ কেজি ১২ টাকা দরে
"	১০	ইস্যু ৭০০ কেজি
"	২০	ক্রয় ৪০০ কেজি ১৩ টাকা দরে
"	২৭	ইস্যু ৬০০ কেজি
"	৩০	পরিবহনের বিনষ্ট ২০ কেজি (২০ তারিখে ক্রয়কৃত)

ক. ২০১৫ সালের জানুয়ারি মাসে মোট প্রাপ্তির পরিমাণ কত (কেজি ও টাকায়)? ২

খ. আগে আসলে আগে যাবে (FIFO) পদ্ধতিতে মাল খতিয়ান প্রস্তুত করো। ৪

গ. বিক্রীত পণ্যের ব্যয় নির্ণয় করো। ৪

উত্তরমালা

১. ক. চলতি বছরে বিজ্ঞাপন খরচ ৪,০০০ টাকা। খ. নিট মুনাফা ৪০,০০০ টাকা। গ. মোট সম্পদ ১,৬৬,০০০ টাকা।

২. ক. নিট বিক্রয় ৩,৬৪,০০০ টাকা। খ. সংরক্ষিত আয় বিবরণীর জের ১,২৬,২৭৫ টাকা। গ. মোট দায় ও মালিকানা স্বত্ব ৬,৪৪,০০০ টাকা।

৩. ক. প্রারম্ভিক মূলধন তহবিল ১,১০,০০০ টাকা। খ. ব্যয়াতিরিক্ত আয় ৫,০০০ টাকা। গ. আর্থিক অবস্থার বিবরণীর যোগফল ১,২৬,৫০০ টাকা।

৪. ক. উত্তোলনের সুদ ৩০ টাকা। খ. বণ্টনযোগ্য মুনাফার অংশ : হাবিব ১,৫৭,৬০৩ টাকা এবং হাসিব ৭৮,৮০২ টাকা। গ. মূলধন হিসাবের জের : হাবিব ৫,২১,৬০৩ টাকা এবং হাসিব ২,৬৫,৫৭২ টাকা।

৫. ক. কলকব্জা বিক্রয়জনিত ক্ষতি ৪,০০০ টাকা। খ. পরিচালন কার্যাবলি হতে নিট নগদ আন্তঃপ্রবাহ ৫৯,০০০ টাকা। গ. নিট নগদ বৃদ্ধি ৫,০০০ টাকা।

৬. ক. তৈরি পণ্যের সমাপনী মজুদের মূল্য ২৭,৮৫৭ টাকা। খ. উৎপাদিত দ্রব্যের ব্যয় ১,৫০,০০০ টাকা। গ. নিট মুনাফা ৩২,৩৫৭ টাকা।

৭. ক. একক প্রতি কন্ট্রিবিউশন মার্জিন ১৮ টাকা। খ. কন্ট্রিবিউশন মার্জিন অনুপাত ৬০% এবং প্রয়োজনীয় বিক্রয় ৫,০০,০০০ টাকা। গ. সমচ্ছেদ বিন্দু (টাকায়) ৩,৬০,০০০ টাকা এবং নিরাপত্তা প্রান্ত অনুপাত ২০%।

৮. ক. ধারে বিক্রয় : সুমি ২,২৫,০০০ টাকা এবং মিমি ৭৫,০০০ টাকা। খ. মোট মুনাফা অনুপাত : সুমি ২২.২২% এবং মিমি ২৬.৬৭%। নিট মুনাফা অনুপাত : সুমি ৮.৮৯% এবং মিমি ১৩.৩৩%। গ. মজুদ আবর্তন হার : সুমি ১০ বার এবং মিমি ১১ বার।

৯. ক. মোট প্রাপ্তি ৯০০ কেজি যার মূল্য ১১,২০০ টাকা। খ. সমাপনী মজুদ পণ্য ১৮০ একক যার মূল্য ২,৩৪০ টাকা। গ. বিক্রীত পণ্যের ব্যয় ১৪,৬০০ টাকা।

বিষয় কোড: ২ ৫ ৪

সময় — ৪০ মিনিট

বহুনির্বাচনি

পূর্ণমান — ৪০

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হইতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি

১. অদাবিকৃত লভ্যাংশ, পেনশন তহবিল ও কল্যাণ তহবিল কোন ধরনের দায়?
ক) চলতি খ) তরল গ) স্থায়ী ঘ) অস্থায়ী

২. প্রাপ্তি ও প্রদান হিসাবের ডেবিট উদ্বৃত্ত দ্বারা কী বোঝায়?
ক) ব্যয়াতিরিক্ত আয় খ) আয়াতিরিক্ত ব্যয়
গ) হাতে নগদ ও ব্যাংকে জমার উদ্বৃত্ত
ঘ) ব্যাংক জমাতিরিক্ত

৩. একটি কলমের এককপ্রতি বিক্রয়মূল্য ৫ টাকা এবং এককপ্রতি পরিবর্তনশীল ব্যয় ৩ টাকা। যদি উক্ত কলম উৎপাদনের স্থায়ী ব্যয় ৩০,০০০ টাকা হয় তবে সমচ্ছেদ বিন্দু কত একক হবে?
ক) ১০,০০০ খ) ১৫,০০০
গ) ২০,০০০ ঘ) ৩০,০০০

৪. প্রভিডেন্ট ফান্ডে কর্মীর দান মূল বেতনের ১০%, নিয়োগকর্তার দান ৫% হলে কর্তনের দিকে মূল বেতনের শতকরা কত টাকা লেখতে হবে?
ক) ১৫% খ) ১০% গ) ৬% ঘ) ৫%

৫. বাজেট কীসের সংখ্যাত্মক প্রকাশ?
ক) ভবিষ্যৎ পরিকল্পনার খ) বর্তমান পরিকল্পনার
গ) অতীত পরিকল্পনার ঘ) বাজেট পরিকল্পনার

৬. বিজ্ঞাপন খরচের $\frac{১}{৪}$ অংশ অবলোপন করা হলে (রেওয়ামিলে বিজ্ঞাপন ৪,০০০ টাকা) আর্থিক অবস্থার বিবরণীতে বিজ্ঞাপনের জের কত টাকা দেখাতে হবে?
ক) ১,০০০ টাকা খ) ২,০০০ টাকা
গ) ৩,০০০ টাকা ঘ) ৪,০০০ টাকা

৭. ভ্রমণ খরচ ২,০০০ টাকা, আইন খরচ ১,০০০ টাকা, আসবাবপত্রের অবচয় ২,০০০ টাকা, বিজ্ঞাপন ২,০০০ টাকা, অনাদায়ী পাওনা ১,০০০ টাকা ও ছাপা এবং মনিহারি ৫০০ টাকা হলে বিক্রয় ও বিতরণ উপরিব্যয় কত?
ক) ৩,৫০০ টাকা খ) ৫,০০০ টাকা
গ) ৬,০০০ টাকা ঘ) ৬,৫০০ টাকা

৮. অব্যবসায়ী প্রতিষ্ঠানের আয়ের উৎস কোনটি?
ক) বিক্রয় আয় খ) সেবা আয়
গ) সুদ আয় ঘ) সদস্যদের চাঁদা

৯. ব্যবসায়ে অনগদ লেনদেন কোনটি?
ক) বেতন খ) অবচয় গ) ভাড়া ঘ) কমিশন

১০. অবচয় খরচ ব্যবসায় প্রতিষ্ঠানের—
i. সম্পত্তি বৃদ্ধি করে ii. ব্যয় বৃদ্ধি করে
iii. সম্পদ হ্রাস করে
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

১১. ব্যাংকিং অংশীদারি কারবারের সর্বোচ্চ সদস্য সংখ্যা কতজন?
ক) ৫০ জন খ) ৪০ জন গ) ২০ জন ঘ) ১০ জন

১২. স্থায়ী মূলধন পদ্ধতিতে মূলধন সংরক্ষণ করলে—
i. মূলধনের পরিমাণ বৃদ্ধি পায়
ii. মূলধনের পরিমাণ হ্রাস পায়
iii. মূলধনের পরিমাণ পরিবর্তন হয় না
নিচের কোনটি সঠিক?
ক) i খ) ii গ) iii ঘ) i ও ii

১৩. বিক্রয়মূল্যের ওপর মুনাফার হার ২৫% হলে ক্রয়মূল্যের ওপর মুনাফার হার কত?
ক) ৫০% খ) ৩৩.৩৩% গ) ৩০% ঘ) ২০%

উদ্দীপকটি পড়ো এবং ১৪ ও ১৫ নং প্রশ্নের উত্তর দাও।
নিট বিক্রয় ৪২,০০০ টাকা। মোট লাভ বিক্রীত পণ্যের ব্যয়ের ওপর ২৫%। প্রারম্ভিক মজুদ ৪,০০০ টাকা, সমাপনী মজুদ ৬,০০০ টাকা।

১৪. মজুদ আবর্তন অনুপাত কত?
ক) ৮.৪ বার খ) ৬.৭২ বার
গ) ৫.৩২ বার ঘ) ৪.৩২ বার

১৫. মজুদ আবর্তনের মাধ্যমে মূল্যায়ন করা হয়—
i. প্রতিষ্ঠানের মজুদ ব্যবস্থাপনার দক্ষতা
ii. প্রতিষ্ঠানের বিক্রয় ব্যবস্থাপনার দক্ষতা
iii. প্রতিষ্ঠানের মুনাফা অর্জনের ক্ষমতা
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

১৬. চলতি মূলধন বলতে কী বোঝায়?
ক) মোট সম্পদ - মোট দায় খ) মোট সম্পদ - চলতি দায়
গ) চলতি সম্পদ - চলতি দায় ঘ) তরল সম্পদ - তরল দায়

১৭. বকেয়া বেতন সমন্বয় করা হলে—
ক) ব্যয় ও দায় হ্রাস পায় খ) ব্যয় ও দায় বৃদ্ধি পায়
গ) আয় ও দায় বৃদ্ধি পায় ঘ) আয় ও দায় হ্রাস পায়

১৮. একজন কর্মচারীর এপ্রিল মাসের মূল বেতন ৯,০০০ টাকা। বিনা বেতনে ছুটি ভোগ করেন ১০ দিন। ছুটি ভোগ বাবদ কত টাকা কর্তন করতে হবে?
ক) ১,৫০০ টাকা খ) ২,০০০ টাকা
গ) ২,৫০০ টাকা ঘ) ৩,০০০ টাকা

উদ্দীপকটি পড়ো এবং ১৯ ও ২০ নং প্রশ্নের উত্তর দাও।
স্কয়ার ওয়ার্কসপে ৪৮ ঘণ্টা সপ্তাহে অনুসরণ করা হয়। উক্ত উৎপাদন প্রতিষ্ঠান থেকে নিচের তথ্যগুলো পাওয়া গেল— উৎপাদনের প্রমাণ সময় ১৫ মিনিট প্রতি একক। স্বাভাবিক শ্রমহার ১০ টাকা প্রতি ঘণ্টা।

১৯. কারখানা আইন অনুসারে প্রমাণ সময় কত?
ক) দৈনিক ৮ ঘণ্টা খ) দৈনিক ৯ ঘণ্টা
গ) দৈনিক ১০ ঘণ্টা ঘ) সাপ্তাহিক ৫৬ ঘণ্টা

২০. সপ্তাহে স্বাভাবিক উৎপাদন কত?
ক) ১৯২ একক খ) ২০০ একক
গ) ৪৮০ একক ঘ) ৭২০ একক

উদ্দীপকটি পড়ো এবং ২১ ও ২২ নং প্রশ্নের উত্তর দাও।
A, B ও C তিনজন অংশীদার। A মাসের শুরুতে ৫০০ টাকা, B প্রতি মাসের মাঝামাঝি ৪০০ টাকা ও C প্রতি মাসের শেষে ৩০০ টাকা করে উত্তোলন করে। উত্তোলনের সুদের হার ১০%। হিসাবকাল ১ বছর।

২১. উদ্দীপকের আলোকে মোট উত্তোলনের পরিমাণ কত?
ক) ৬,০০০ টাকা খ) ১০,৮০০ টাকা
গ) ১২,০০০ টাকা ঘ) ১৪,৪০০ টাকা

২২. C-এর উত্তোলনের সুদের পরিমাণ নির্ণয় করো।
ক) ১৬৫ টাকা খ) ২৪০ টাকা
গ) ৩২৫ টাকা ঘ) ৪০০ টাকা

২৩. আন্তর্জাতিক হিসাবমান কত অনুযায়ী নগদ প্রবাহ বিবরণী প্রস্তুত করা হয়?
ক) IAS-6 খ) IAS-7 গ) IAS-8 ঘ) IAS-9

২৪. অভিহিত মূল্যের চেয়ে কমমূল্যে শেয়ার ইস্যুকে বলে—
i. উনহার ii. অধিহার
iii. সমহার
নিচের কোনটি সঠিক?
ক) i খ) i ও ii গ) i ও iii ঘ) i, ii ও iii

২৫. বাজেট প্রস্তুতকরণ ব্যবস্থাপনার কোন ধরনের কাজের মধ্যে পড়ে?
ক) নিয়ন্ত্রণ খ) প্রেষণা
গ) নির্দেশনা ঘ) পরিকল্পনা

২৬. ঋণপত্র কোম্পানির কোন ধরনের দায়?
ক) চলতি দায় খ) স্বল্পমেয়াদি দায়
গ) বহিঃদায় ঘ) অন্তঃদায়

২৭. মেঘনা লি.-এর পরিচালন খরচ ছিল ১,০০,০০০ টাকা। চলতি বছরের অগ্রিম খরচাবলি হ্রাস হয়েছিল ৭,৬০০ টাকা এবং বকেয়া খরচ বৃদ্ধি পেয়েছিল ৩,৪০০ টাকা। পরিচালন সংক্রান্ত খরচাবলির নগদ প্রদানের পরিমাণ কত?
ক) ৭১,০০০ টাকা খ) ৮১,০০০ টাকা
গ) ৮৯,০০০ টাকা ঘ) ৯২,০০০ টাকা

২৮. অলীক সম্পত্তি কোনটি?
ক) শেয়ার বাট্টা খ) সুনাম
গ) প্যাটেন্ট ঘ) ট্রেডমার্ক

উদ্দীপকটি পড়ো এবং ২৯ ও ৩০ নং প্রশ্নের উত্তর দাও।
যমুনা লি.-এর বই থেকে নিম্নলিখিত তথ্যসমূহ নেয়া হয়েছে:
এপ্রিল-১ প্রারম্ভিক উদ্বৃত্ত ২০০ একক, প্রতি একক ৫০০ টাকা
এপ্রিল-১০ মাল ক্রয় ৩৫০ একক, প্রতি একক ৫২০ টাকা
এপ্রিল-২০ মাল বিক্রয় ৪০০ একক

২৯. FIFO পদ্ধতিতে এপ্রিল-২০ তারিখে বিক্রীত পণ্যের ব্যয় কত?
ক) ২,০০,০০০ টাকা খ) ২,০৪,০০০ টাকা
গ) ২,০৭,০০০ টাকা ঘ) ২,০৮,০০০ টাকা

৩০. FIFO পদ্ধতির পরিবর্তে LIFO পদ্ধতিতে এপ্রিল-২০ তারিখে বিক্রীত পণ্যের ব্যয় নির্ণয় করলে কোম্পানির মুনাফা কী পরিমাণ হ্রাস পাবে?
ক) ৩,০০০ টাকা খ) ৫,০০০ টাকা
গ) ৮,০০০ টাকা ঘ) ১৩,০০০ টাকা

৩১. উৎপাদন বৃদ্ধির সাথে সাথে কোন ব্যয় আনুপাতিক হারে বৃদ্ধি পাবে?
ক) স্থায়ী ব্যয় খ) আধা-পরিবর্তনশীল ব্যয়
গ) পরিবর্তনশীল ব্যয় ঘ) পরিচালন ব্যয়

৩২. ১৫% ভ্যাটসহ পণ্য ক্রয় ৩৬,৫০০ টাকা এবং ক্রয় ফেরত ২,০০০ টাকা হলে ক্রয় ভ্যাটের পরিমাণ কত টাকা?
ক) ৪,৫০০ টাকা খ) ৫,১৭৫ টাকা
গ) ৫,৪৭৫ টাকা ঘ) ৫,৭৭৫ টাকা

৩৩. ক, খ এবং গ একটি অংশীদারি ব্যবসায়ের অংশীদার। তাদের লাভ-ক্ষতির বণ্টনের হার ৫ : ৩ : ১। খ এককভাবে গ কে এই মর্মে নিশ্চয়তা প্রদান করে যে গ প্রতি বছর কমপক্ষে ২০,০০০ টাকা মুনাফা পাবে। সংশ্লিষ্ট হিসাবকালে ব্যবসায়ের মুনাফা ১,৬২,০০০ টাকা হলে খ-এর প্রাপ্য মুনাফার পরিমাণ কত টাকা?
ক) ৩৮,০০০ টাকা খ) ৪২,০০০ টাকা
গ) ৫২,০০০ টাকা ঘ) ৫৪,০০০ টাকা

৩৪. মালিকানা তহবিল ও দীর্ঘমেয়াদি দায়ের সমষ্টিকে কী বলা হয়?
ক) বহিঃদায় তহবিল খ) বিনিয়োজিত মূলধন
গ) দীর্ঘমেয়াদি মূলধন ঘ) মূলধন তহবিল

৩৫. ব্যবস্থাপনা প্রতিনিধির কমিশন চার্জ করার পরবর্তী মুনাফার ওপর ১০% হারে কমিশন দিতে হবে। নিট মুনাফা ২০,০০০ টাকা হলে প্রদত্ত কমিশন কত?
ক) ১,৭৯৮ টাকা খ) ১,৮২৮ টাকা
গ) ১,৮১৮ টাকা ঘ) ২,০০০ টাকা

৩৬. দীর্ঘমেয়াদি দায় ২০,০০০ টাকা, চলতি সম্পদ ২৫,০০০ টাকা এবং চলতি অনুপাত ৫ : ২ হলে মোট দায় কত?
ক) ৩৫,০০০ টাকা খ) ৩০,০০০ টাকা
গ) ২৫,০০০ টাকা ঘ) ২০,০০০ টাকা

৩৭. নিচের কোনটি মুনাফা জাতীয় ব্যয়?
ক) আসবাবপত্র আনয়ন পরিবহন ব্যয়
খ) আসবাবপত্র ক্রয়
গ) আসবাবপত্র মেরামত ব্যয়
ঘ) ক্লাবের জন্য টিভি ক্রয়

উদ্দীপকটি পড়ো এবং ৩৮ ও ৩৯ নং প্রশ্নের উত্তর দাও।
প্রত্যক্ষ কাঁচামাল ১,৪০,০০০ টাকা, প্রত্যক্ষ মজুরি ১,০৮,০০০ টাকা, কারখানা উপরিব্যয় ৩২,৪০০ টাকা, অফিস ও প্রশাসনিক উপরিব্যয় ২৮,০৪০ টাকা।

৩৮. মজুরির ওপর কারখানা উপরিব্যয়ের শতকরা হার কত?
ক) ৩৫% খ) ৩০% গ) ২৫% ঘ) ২০%

৩৯. কারখানা ব্যয়ের ওপর অফিস ও প্রশাসনিক উপরিব্যয়ের শতকরা হার কত?
ক) ১৫% খ) ১২% গ) ১০% ঘ) ৮%

৪০. প্রাপ্তি ও প্রদান হিসাবে ভাড়া ৬০,০০০ টাকা এবং বছরের শেষ পর্যন্ত ভাড়া $\frac{১}{৫}$ অংশ বকেয়া থাকলে মোট ভাড়ার পরিমাণ কত?
ক) ৪৫,০০০ টাকা খ) ৪৮,০০০ টাকা
গ) ৭২,০০০ টাকা ঘ) ৭৫,০০০ টাকা

উত্তরমালা																																								
	১	ক	২	গ	৩	খ	৪	ক	৫	ক	৬	গ	৭	খ	৮	খ	৯	খ	১০	গ	১১	ঘ	১২	গ	১৩	ঘ	১৪	খ	১৫	ক	১৬	গ	১৭	খ	১৮	ঘ	১৯	ক	২০	ক
	২১	ঘ	২২	ক	২৩	খ	২৪	ক	২৫	ঘ	২৬	গ	২৭	গ	২৮	ক	২৯	খ	৩০	ক	৩১	গ	৩২	ক	৩৩	গ	৩৪	খ	৩৫	গ	৩৬	খ	৩৭	গ	৩৮	খ	৩৯	গ	৪০	ঘ